# উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব গুঞ্জন বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট।

তারিখ ঃ ২৫/০৬/২০২৬ খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

২৫/০৬/২০২৬ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ২০২৫-২০২৬ অর্থবছরে খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন বিভিন্ন (উফশী ও হাইব্রিড) জাতের শাকসবজির বীজ ও সার সহায়তা প্রণোদনা কর্মসূচীর বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী ঃ

**উপস্থিতির তালিকা**

| ক্রমিক নং | সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম | পদবী | কর্মস্থল/ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | মোঃ ওমর ফারুক | উপজেলা কৃষি অফিসার | আদিতমারী |
| ০২ | ডাঃ মোছাঃ মৌসুমী আক্তার | উপজেলা প্রাণি সম্পদ অফিসার | " |
| ০৩ | মোঃ আসাদুজ্জামান | উপজেলা মৎস্য অফিসার | " |
| ০৪ | মোঃ রাকিবুল আহমেদ চৌধুরী | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | " |
| ০৫ | মোঃ এনামুল হাসান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | " |
| ০৬ | বীরেন্দ্র দেবনাথ | কৃষক প্রতিনিধি | সারপুকুর, আদিতমারী |

জনাব গুঞ্জন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্য বিষয়ের উপর আলোচনা শুরু করার জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পূনবার্সন বাস্তবায়ন কমিটি, আদিতমারীকে অনুরোধ জানান। উপজেলা কৃষি অফিসার জেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটির স্মারক নং- ৯৫৩(১৬), তারিখ ঃ ১৭/০৬/২০২৬ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। পত্রের মর্মানুযায়ী তিনি জানান আদিতমারী উপজেলার জন্য ২০২৫-২০২৬ অর্থবছরে খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন বিভিন্ন (উফশী ও হাইব্রিড) জাতের শাকসবজির বীজ ও সার সহায়তা প্রণোদনা কর্মসূচীর বাস্তবায়নের জন্য শাকসবজি ১৬০০ জন কৃষককে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সরবরাহ করা হবে। তিনি আরোও জানান অতিবৃষ্টি ও শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ কৃষকগণকে অগ্রাধিকার ভিত্তিতে বিনামূল্যে শাকসবজি বীজ ও রাসায়নিক সার প্রাপ্য হবেন।

**আলোচ্য বিষয়-০১।** ২০২৫-২০২৬ অর্থবছরে খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন বিভিন্ন (উফশী ও হাইব্রিড) জাতের শাকসবজির বীজ ও সার সহায়তা প্রণোদনা কর্মসূচীর বাস্তবায়ন প্রসঙ্গে।

**আলোচনা** ঃ উপজেলা কৃষি অফিসার ইউনিয়ন ভিত্তিক আবাদি জমি ও জন সংখ্যার উপর ভিত্তিক করে ইউনিয়ন ভিত্তিক কর্মসূচীর বিভাজন নিম্নের ছকপত্র মোতাবেক বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভায় প্রস্তাব করেন।

**ছকপত্র**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | কৃষক সংখ্যা | কর্মসূচীর লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | দূর্গাপুর | ২০০ | ২০০ | |
| ০২ | ভেলাবাড়ী | ১৯০ | ১৯০ | |
| ০৩ | কমলাবাড়ী | ১৯০ | ১৯০ | |
| ০৪ | সারপুকুর | ১৯০ | ১৯০ | |
| ০৫ | সাপ্টিবাড়ি | ১৯০ | ১৯০ | |
| ০৬ | ভাদাই | ২০০ | ২০০ | |
| ০৭ | পলাশি | ১৯০ | ১৯০ | |
| ০৮ | মহিষখোচা | ২৫০ | ২৫০ | |
| | সর্বমোট | ১৬০০ জন | ১৬০০ বিঘা | |

সিদ্ধান্ত ঃ বর্নিত ইউনিয়ন ওয়ারী কৃষক ও উপকরনের বিভাজন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

## খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন শাকসবজি প্রণোদনা কর্মসূচীর আওতায় উপকরণ বিতরণ বিভাজন ঃ

| ক্রমিক নং | ফসলের নাম | উপকরনের নাম ও পরিমাণ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | বীজ | ডিএপি | এমওপি | |
| ০১ | গ্রীষ্মকালীন (উফশী ও হাইব্রিড) শাকসবজি | ০৭ প্যাকেট (কলমিশাক ১৬০গ্রাম, লাউ ১৫গ্রাম, চালকুমড়া ৫গ্রাম, পুইশাক ১০০গ্রাম, বেগুন ৫গ্রাম, শসা ৫গ্রাম, মিষ্টিকুমড়া ১০গ্রাম)। | ১৫ কেজি | ১৫ কেজি | ০১ জন চাষী শুধুমাত্র ০১ বিঘা/বসতবাড়ির জন্য উপকরণ সহায়তা প্রদান করা. হবে। |

খ) উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরিমান বীজ বিএডিসি/স্থানীয় বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান/ প্রতিষ্ঠিত বীজ ব্যবসায়ীর নিকট হতে সংগ্রহ করতে হবে। এ কর্মসূচির আওতায় সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন প্রয়োজনীয় বিভিন্নজাতের ০৭(সাত) ধরণের প্যাকেট সবজি কলমি শাক ১৬০ গ্রাম, লাই ১৫ গ্রাম, চালকুমড়া ৫ গ্রাম, পুইশাক ১০০ গ্রাম, বেগুন ৫গ্রাম, শসা ৫ গ্রাম, মিষ্টিকুমড়া ১০ গ্রাম বীজ সরকারী বিধিমোতাবেক ক্রয়পূর্বক কৃষক পর্যায়ে বিতরণ করতে হবে। কর্মসূচির ডিএপি ও এমওপি সার বিসিআইসি'র বাফার গুদাম, মহেন্দ্রনগর, লালমনিরহাট থেকে ক্রয় ও পরিবহনের ব্যবস্থা নিবেন এবং এমওপি সার অনুদানপ্রাপ্ত বিধায় এর মূল্য অন্তর্ভুক্ত হবে না। উপজেলা নির্বাহী অফিসার প্রাপ্ত চেক উপজেলা কৃষি অফিসারের নিকট সমপরিমান অর্থের চেক প্রদান করবেন। প্রাপ্ত চেকের অর্থ খাতওয়ারী বিধি মোতাবেক ব্যয় করে বিল পাশ পূর্বক উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণ করে মূল বিল ভাউচার এক কপি ও ফটোকপি দুই কপি উপপরিচালক, ডিএই, খামারবাড়ি, লালমনিরহাট মহোদয়ের দপ্তরে সমন্বয়ের জন্য প্রেরণ করবেন।

বিবিধ আলোচনা ঃ উপজেলা কৃষি অফিসার ২০২৫-২০২৬ অর্থবছরে খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন বিভিন্ন (উফশী ও হাইব্রিড) জাতের শাকসবজির বীজ ও সার সহায়তা প্রণোদনা কর্মসূচীর বাস্তবায়ন কর্মসূচীর নীতিমালা পাঠ করে শোনান। এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ (ক) কৃষি প্রনোদনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে অতিবৃষ্টি ও শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ কৃষক নির্বাচন করে খসড়া অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন।

(খ) উপসহকারী কৃষি কর্মকর্তাগন কর্মসূচী প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের শাকসবজি ফসল আবাদের জমি এবং চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন বিভিন্ন (উফশী ও হাইব্রিড) জাতের শাকসবজির বীজ ও সার সহায়তা প্রণোদনা কর্মসূচির জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রত্যেক কৃষকের পরিচয়পত্র মাস্টাররোলে সংরক্ষণ করবেন। তিনি কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভর্তুকি অংশে যথাযথ উপকরনের পরিমাণ লিপিবদ্ধ করবেন। তিনি মাস্টাররোলে প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করবেন। মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্র নম্বর যুক্ত করতে হবে। উপজেলা কৃষি পূনবার্সন বাস্তবায়ন কমিটি (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন) করতে পারবেন। কোন ক্রমেই একজনের উপকরণ অন্যজনকে প্রদান করা যাবে না। **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।** মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন।

(গ) প্রতি ব্লকে আবশ্যিকভাবে গ্রীষ্মকালীন বিভিন্ন (উফশী ও হাইব্রিড) জাতের শাকসবজি চাষের উপযোগী জমি উপযুক্ত আগ্রহী কমপক্ষে ১০ জন কৃষক নির্ধারণ করতে হবে যাদের পাশাপাশি আবাদি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে। কোন অবস্থাতেই এর ব্যত্তিক্রম ঘটানো যাবে না।

(ঘ) সংশ্লিষ্ঠ ইউনিয়ন থেকে আগত কৃষকদের উপস্থিতিতে গ্রীষ্মকালীন বিভিন্ন (উফশী ও হাইব্রিড) জাতের শাকসবজি প্রনোদনার অনুমোদিত অগ্রাধিকার তালিকা অনুযারী বিতরনে সার্বিক সহযোগিতা করবেন। কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজন বিড়ম্বনা এড়াতে কর্মসূচীর আওতায় উপকরণ সহায়তা হিসেবে প্রতি ১০(দশ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ১৫০ কেজি ওজনের ০৩(তিন) বস্তা ডিএপি, ১৫০ কেজি ওজনের ০৩(তিন) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে।

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৫/০৬/২০২৫

( গুঞ্জন বিশ্বাস )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বার্সন বাস্তবায়ন কমিটি
আদিতমারী, লালমনিরহাট।